

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
পুলিশ-২ শাখা  
www.mhapsd.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০৯৫.২৫.০০১.১৮.৪১৭

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫

১২ জুন ২০১৮

প্রাপক:

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়: মালয়েশিয়াতে অনুষ্ঠিতব্য 44th International Senior Police Officers Command Course এ অংশগ্রহণের জন্য পুলিশ কর্মকর্তার মালয়েশিয়া গমনের অনুমতি প্রদান।

জনাব / মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ০২-২১ জুলাই, ২০১৮ খ্রিঃ সময়ে মালয়েশিয়াতে 44th International Senior Police Officers Command Course এ অংশগ্রহণের জন্য জনাব মোঃ ফেরদৌস আলী চৌধুরী, এআইজি, পুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ অধিদপ্তর, ঢাকার অনুকূলে মালয়েশিয়া গমনের সরকারি অনুমতি জ্ঞাপন করছি।

শর্তাবলীঃ

(ক) আলোচ্য কোর্সে অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তার থাকা-খাওয়া বাবদ ব্যয় মালয়েশিয়া সরকার বহন করবে। তবে বর্ণিত কর্মকর্তা খরচ বাবদ প্রাপ্য অর্থ চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের পুলিশ বাজেট কোড নং-৩-২২১১-০০০১-সদর দপ্তর-৪৮৪০-প্রশিক্ষণ ব্যয় খাত হতে বিধি মোতাবেক অগ্রিম উত্তোলন করতে পারবেন।

(খ) তার বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

(গ) তিনি কোর্সে অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

(ঘ) তিনি আগামি ০১/০৭/২০১৮ তারিখ ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে আগামি ২২/০৭/২০১৮ তারিখ ঢাকা প্রত্যাবর্তন করবেন।

অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

(ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তিনি পুলিশ শাখা-০২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন পেশ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,



১২-৬-২০১৮

ফারজানা জেসমিন

সিনিয়র সহকারী সচিব

নম্বর: ৪৪.০০.০০০০.০৯৫.২৫.০০১.১৮.৪১৭/১(১০)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
১২ জুন ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩) মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) মহাব্যবস্থাপক, বৈদেশিক মূদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) উপ-সচিব, পুলিশ -১ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯) সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১০) জনাব .....

১২-৬-২০ ১৮

ফারজানা জেমমিন  
সিনিয়র সহকারী সচিব